'অস্তিত্ব প্রত্যক্ষের উপর নির্ভরশীল' — বার্কলের এই মতের আলোচনা ও বিচার কর।

উঃ লক-এর প্রতিপাদ্য বস্তুবাদ অনুসারে, আমরা সরাসরি যা প্রত্যক্ষ করি তা জড়বস্তু নয়, তা হল বস্তুজগতের ছায়া বা প্রতিরূপ। লকের মতে জড় বস্তু আছে এবং তার স্বরূপ আমাদের কাছে অজ্ঞাত ও অজ্ঞেয় — আমরা কেবল ঐ বস্তুর গুণগুলি মনের ছায়াতেই মূর্ত। এখানে বার্কলে লকের সমালোচনা করে বলেন, 'জড়বস্তু আছে কিন্তু তাকে জানা যায় না' — কারণ এই উক্তি স্ববিরোধী। অভিজ্ঞতাবাদের দৃষ্টিকোণ থেকে, যা কারো কাছে ধরা পড়ে, তা অনুভব করা যায়। কাজেই বার্কলের মতে 'আমাদের মনের বাইরে জড়বস্তু আছে' — এমন বলার কোনো সঙ্গত যুক্তি নেই, যা প্রত্যক্ষ অনুভবের ভিত্তি অভিজ্ঞতাবাদের দৃষ্টিকোণ থেকে তা নেই। এই উক্তিটি বার্কলে সুবিখ্যাত একটি ল্যাটিন বাক্যে প্রকাশ করেছেন —

'Esse Est Percipi' বা 'Esse = Percipi'

'Esse' অর্থে 'অস্তিত্বশীলতা' আর Percipi অর্থ 'প্রত্যক্ষনির্ভর'। তাহলে 'Esse Est Percipi' বাক্যটির অর্থ হল — 'অস্তিত্ব প্রত্যক্ষ-নির্ভর'। বার্কলের মতে বৃক্ষ-পর্বত, চন্দ্র-সূর্য ইত্যাদি যাবতীয় যেসব ধারণা অতিরিক্ত অন্য কিছু নয়, কারণ ধারণাই হল আমাদের সাক্ষাৎ অভিজ্ঞতার বিষয়। বার্কলে বলেন যে ধারণাপুঞ্জের আড়ালে জড়বস্তু বলে আদৌ কিছু আছে কিনা, তা আমাদের পক্ষে জানা সম্ভব নয়। তাই বার্কলের মতে, আছে কেবল মন এবং মনের ধারণাপুঞ্জ — বৃক্ষ-ধারণাপুঞ্জ, পর্বত-ধারণাপুঞ্জ, ধারণা অতিরিক্তভাবে 'জড়বস্তু' বলে বস্তুবিশ্বে কিছু নেই। যাকে আমরা 'জড়বস্তু' বলি, আসলে তা হল ধারণার সমষ্টি। ধারণা মনের ভিতরের 'লোক'। কাজেই সমগ্র বিশ্ব আছে শুধু মন এবং তার ধারণা। কারণ ধারণাই একমাত্র প্রত্যক্ষের বিষয়। বার্কলের অভিমতে ধারণাই হল, অস্তিত্ব যখন প্রত্যক্ষ নির্ভর (esse = Percipi), তখন ধারণাকেই একমাত্র সৎ বস্তু বলতে হয়। ধারণা জ্ঞাত, তা অনুভূত, তাই কেবল সৎ (আছে)। ধারণার জ্ঞাতা বা অনুভূত। কাজেই ধারণা সৎ (আছে)। ধারণা যাকে ধারণ করে। অতএব মনও সৎ (আছে)। বার্কলের মতে মনই ধারণার ধারক এবং উৎপাদক। তাহলে যুক্তিসম্মতভাবে এটাই বলা যায় যে, এই জগতে আছে কেবল মন এবং ধারণা। এটাই হল বার্কলের অভিজ্ঞতা-সম্মত ভাববাদ বা আত্মগত ভাববাদ।

বার্কলে কিন্তু ব্যক্তি-মনের বাইরে বস্তুর অস্তিত্বকে, বস্তুজগতের অস্তিত্ব অস্বীকার করেন নি। তিনি যা বলতে চেয়েছেন তা হল — ব্যক্তি মনের বাইরে বস্তু আছে এবং সেই বস্তু ধারণাপুঞ্জ ছাড়া অন্য কিছু নয় — সেই বস্তু ঈশ্বরের বা পরমাত্মার মনের ধারণারূপে অস্তিত্ববান আছে। ঈশ্বরের অস্তিত্ব স্বীকারের পর বার্কলের ভাববাদের মূল কথা হল — আমি আছি, ঈশ্বর আছেন এবং ঈশ্বরের ধারণাসমূহ

Scanned with CamScanner